# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


তারিখ: ১৭.০৩.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### টেরিবাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মার্কেট পরিদর্শনে মেয়র ডা. শাহাদাত

নগরের টেরিবাজার নালার পাড় খাজা মার্কেটের ২য় তলায় অগ্নিকাণ্ডের ঘটনাস্থল পরিদর্শন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার (১৭ মার্চ) সকালে ঘটনাস্থলে গিয়ে ক্ষতিগ্রস্তদের সাথে অগ্নিকাণ্ডের বিষয়ে অবগত হন মেয়র। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের সমবেদনা জানানোর পাশাপাশি পরবর্তীতে এ ধরনের ক্ষয়-ক্ষতি এড়াতে করণীয় সম্পর্কে স্থানীয়দের মতামত নেন তিনি। উল্লেখ্য, টেরিবাজার ব্যবসায়ী সমিতির সিনিয়র সহ-সভাপতি নাছির উদ্দীন চৌধুরীর ব্যবসা প্রতিষ্ঠান নাজিম উদ্দীন ব্রাদার্সের একটি কাপড়ের গুদামে ১৬ মার্চ সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত হয় বলে জানান ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী। এসময় আরো উপস্থিত ছিলেন আবদুল মান্নান, আবুল বশরসহ রাজনীতি ও ব্যবসায়ী নেতৃবৃন্দ।



### চট্টগ্রামে ৩৬ মেগাওয়াট ওয়েস্ট-টু-এনার্জি প্রকল্প বিষয়ে মেয়রের সাথে ব্রিটিশ কোম্পানির মতবিনিময়

ডিপি ক্লিনটেক ইউকে এবং ইমপ্যাক্ট এনার্জি গে-  াবাল লিমিটেড কনসোর্টিয়াম-এর প্রতিনিধিরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেনের সঙ্গে সোমবার এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন। বৈঠকে চট্টগ্রাম শহরের বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকায়ন ও পরিবেশবান্ধব উপায়ে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ৩৬ মেগাওয়াট ওয়েস্ট-টু-এনার্জি (WtE) প্রকল্প বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। ডিপি ক্লিনটেক ইউকের প্রতিনিধি ম্যাটিও মোলেনা প্রকল্পটির কারিগরি ও অর্থনৈতিক সম্ভাবনা তুলে ধরে একটি বিশদ উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনা শেষে মেয়র চট্টগ্রাম শহরের টেকসই বর্জ্য ব্যবস্থাপনা ও নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনের লক্ষ্যে প্রকল্পটির বাস্তবায়নে তার আগ্রহ  ব্যক্ত করেন।ডিপি ক্লিনটেক ইউকে চট্টগ্রামে শতভাগ সরাসরি বিদেশি বিনিয়োগের (FDI) মাধ্যমে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (চচচ) মডেলের আওতায় এই প্রকল্প বাস্তবায়নের আগ্রহ প্রকাশ করেছে।‰বঠকে ডিপি ক্লিনটেক এবং ইমপ্যাক্ট এনার্জির পক্ষে উপস্থিত ছিলেন ম্যাটিও মোলেনা, এ বি এম ইকবাল মাহমুদ মারুফ, শৌরভ চক্রবর্তী, হাবিবুল হাসান, স্থানীয় পরামর্শক স্থপতি তারিকুল ইসলাম এবং এনায়েত কবীর।এই প্রকল্পের মাধ্যমে প্রতিদিন ৩,০০০ টন বর্জ্য সংগ্রহ করে পরিবেশবান্ধব প্রযুক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা হবে, যা জাতীয় গ্রিডে সংযুক্ত করা হবে। এটি বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (ঝউএ) এবং নবায়নযোগ্য জ্বালানি নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।চট্টগ্রামবাসীর জন্য পরিবেশবান্ধব বর্জ্য ব্যবস্থাপনা ও বিদ্যুৎ উৎপাদনের যুগান্তকারী এই উদ্যোগ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল পক্ষ একসঙ্গে কাজ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

### ব্যবসাবান্ধব চট্টগ্রাম গড়ব: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামকে একটি ব্যবসাবান্ধব নগরী হিসেবে গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, "চট্টগ্রাম বাণিজ্যিক রাজধানী হিসেবে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা ও ব্যবসার প্রসারে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নে সিটি কর্পোরেশন সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।"সোমবার (১৭ মার্চ) নগরীর হল ২৪ কনভেনশন সেন্টারে তামাকুমণ্ডি লেইন বণিক সমিতির আয়োজনে রমজানের তাৎপর্য বিষয়ক আলোচনা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও আমীর, চট্টগ্রাম মহানগরী শাহজাহান চৌধুরী এবং প্রধান আলোচক ছিলেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ আনোয়ার হোসাইন তাহের জাবেরী আল-মাদানী। এতে সভাপতিত্ব করেন

বণিক সমিতির সভাপতি সরওয়ার কামাল এবং সঞ্চালনা করেন মোজাম্মেল হক।মেয়র বলেন, "একটি পরিকল্পিত নগরী ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি করে। এজন্য চট্টগ্রামের যোগাযোগ ব্যবস্থা, বাজার ব্যবস্থাপনা এবং নগর পরিষেবার মানোন্নয়নে একাধিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে নগরীর প্রধান প্রধান সড়ক ও বাণিজ্যিক এলাকার যানজট নিরসনে সিটি কর্পোরেশন কাজ করছে। বাজারের আধুনিকায়ন, বর্জ্য ব্যবস্থাপনা ও পর্যাপ্ত পার্কিং সুবিধা নিশ্চিত করতে উদ্যোগ নেওয়া হয়েছে।"তিনি আরও বলেন, "চট্টগ্রামের ব্যবসায়ীরা দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। ব্যবসায়ীরা যদি উন্নয়ন প্রকল্পে আমাদের সহযোগিতা করেন, তবে খুব দ্রুতই একটি আধুনিক ব্যবসাবান্ধব নগরী গড়ে তোলা সম্ভব হবে।"মেয়র জানান, নগরীর প্রধান বাণিজ্যিক কেন্দ্রগুলোর যানজট নিরসনে সিটি কর্পোরেশন সমন্বিত পরিকল্পনা গ্রহণ করেছে। “বিশেষ করে কাস্টম হাউস, চাক্তাই-খাতুনগঞ্জ, নিউ মার্কেট, রেয়াজউদ্দিন বাজার, আগ্রাবাদ এবং জিইসি মোড়সহ গুরুত্বপূর্ণ এলাকায় যানজট কমাতে কাজ চলছে। ফুটপাত দখলমুক্ত করা, অবৈধ পার্কিং নিয়ন্ত্রণ এবং রাস্তাগুলোর সংস্কার কাজ দ্রুত শেষ করার পরিকল্পনা নেওয়া হয়েছে।"মেয়র আরও বলেন, “ব্যবসায়ীদের জন্য আরও বেশি সুবিধা নিশ্চিত করতে আমরা সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর সঙ্গে কাজ করছি। পোর্ট সিটি হিসেবে চট্টগ্রামকে আধুনিক লজিস্টিক সাপোর্ট, ব্যবসার ডিজিটালাইজেশন এবং নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের দিকে নিয়ে যাওয়া হবে।"তিনি ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, "আপনারা ব্যবসার পাশাপাশি নগরীর সৌন্দর্যবর্ধন ও পরিবেশ রক্ষার ক্ষেত্রেও সহযোগিতা করুন। আমরা চাই, চট্টগ্রাম একটি পরিচ্ছন্ন, সবুজ এবং ব্যবসাবান্ধব নগরী হয়ে উঠুক।"অনুষ্ঠানে ব্যবসায়ী নেতৃবৃন্দ, রাজনৈতিক ব্যক্তিত্ব ও সমাজের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।



## অপরিচ্ছন্ন পরিবেশে লাচ্ছা সেমাই তৈরি, মেয়াদ উত্তীর্ণ মশলা মজুদ ও বিক্রি
## ৩ ব্যক্তিকে ৬৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি করপোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীর বাকলিয়া থানার ইসমাইল ফয়েজ রোডে অভিযান পরিচালিত হয়। অভিযান কালে অপরিচ্ছন্ন ও নোংরা পরিবেশে লাচ্ছা সেমাই তৈরি করার অপরাধে পুষ্টি সেমাই কারখানাকে ২০ হাজার টাকা , মেয়াদ উত্তীর্ণ মশলা বাজারজাত করার জন্য মজুদ রাখার দায়ে মেসার্স বশর মোল্লা এন্ড কোং কে ৪০ হাজার টাকা ও অপরিচ্ছন্ন পরিবেশে মরিচ মসল্লা ক্রাশিঙ করার অপরাধে আল রহমান ক্রাশিঙ কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮